# নির্বিঘ্নে বোরো উৎপাদনের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা সমুহ

চলতি বোরো উৎপাদন নির্বিঘ্ন করার জন্য কৃষক পর্যায়ে আধুনিক কৃষিতাত্বিক প্রযুক্তি ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। ইতিমধ্যে বোরো রোপন শুরু হয়েছে। নির্বিঘ্নে বোরো উৎপাদনের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা সমুহ অনুসরণের করার জন্য বলা হলো-

১। বোরো ধানের ৩০-৩৫ দিনের চারা গোছা প্রতি ১ বা ২টি করে সুস্থ ও সবল সারিতে রোপণ করতে হবে। সারি থেকে সারির দূরত্ব ২০ সেন্টিমিটার (৮ ইঞ্চি) এবং চারা থেকে চারার দূরত্ব ১৫ সেন্টিমিটার (৬ ইঞ্চি) রাখার পরামর্শ দিতে হবে।

২। প্রতি ১০ সারি রোপনের পর প্রায় এক সারি সমপরিমাণ ফাঁকা রাখতে (লোবোগো পদ্ধতি) উদ্বুদ্ধ করতে হবে। রোপিত ১০০% জমিতে পার্চিং নিশ্চিত করতে হবে।

৩। সুষম সার প্রয়োগের পরামর্শ প্রদান করতে হবে। বোরোর বিঘা প্রতি সারের মাত্রা

- ১৫০ দিনের কম জীবনকালের জাত ( ব্রিধান ২৮, ৭৪ , ৮১, ৮৪, ৮৮ বঙ্গবন্ধু ধান ১০০,ব্রিধান ১০২ ) এর ক্ষেত্রেঃ
  ইউরিয়া ৩৫কেজি, টিএসপি/ডিএপি: ১২কেজি, এমওপি: ২০কেজি, জিপসাম: ১৫কেজি, দস্তা: ১.৫কেজি
- ১৫০দিনের বেশী জীবনকালের জাত (ব্রি ধান২৯, ৮৯, ৯২) এর ক্ষেত্রেঃ
- ইউরিয়া ৪০কেজি, টিএসপি/ডিএপি: ১৩কেজি, এমওপি: ২২কেজি, জিপসাম: ১৫কেজি, দস্তা: ১.৫কেজি
  বি:দ্র: প্রতি ডিএপি ব্যবহারের ক্ষেত্রে ৪০০গ্রাম ইউরিয়া কম ব্যবহার করতে হবে।

চারা রোপণের জন্য জমি তৈরির শেষ চাষের সময় টিএসপি/ডিএপি, জিপসাম ও জিংক সালফেট এবং ২/৩ অংশ এমপি সার প্রয়োগ করতে হবে। ডিএপি সার উপরিপ্রয়োগ না করার জন্য পরামর্শ দিতে হবে। ইউরিয়া সারকে সমান তিন ভাগে ভাগ করে প্রয়োগ করতে হবে। স্বল্পমেয়াদি জাতের ক্ষেত্রে ১ম কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর, ২য় কিস্তি চারা রোপণের ৩০-৩৫ দিন পর এবং শেষ কিস্তি কাইচথোড় আসার ৫-৭ দিন আগে। দীর্ঘমেয়াদি জাতের ক্ষেত্রে ১ম কিস্তি শেষ চাষের সময়, ২য় কিস্তি চারা রোপণের ২০-২৫ দিন পর অর্থাৎ গোছায় কুশি দেখা দিলে এবং শেষ কিস্তি কাইচথোড় আসার ৫-৭ দিন আগে।

৪। AWD পদ্ধতি অনুসরণ করতে হবে। চারা লাগানো সময় ছিপছিপে এক থেকে দেড় ইঞ্চি পানি রাখতে হবে। পরবর্তী ১০ দিন পর্যন্ত দেড় থেকে দুই ইঞ্চি। চারা লাগানোর ১১ দিন পর থেকে থোড় আসা পর্যন্ত এক থেকে দেড় ইঞ্চি। কাইচ থোড় হওয়ার সময় থেকে ফুল ফোটা পর্যন্ত দুই থেকে চার ইঞ্চি। ধানে দানা শক্ত ক্ষীর হলে অর্থাৎ ধান কাটার ১০-১২ দিন আগ পর্যন্ত পর্যায়ক্রমে পানি বের করে দিতে হবে। উপজেলা সেচ কমিটির মাধ্যমে সেচ সংক্রান্ত সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫। বোরো মৌসুমে চারা লাগানোর অন্তত ৪৫ দিন পর্যন্ত আগাছামুক্ত রাখতে হবে। হাত দিয়ে, নিড়ানি যন্ত্রের সাহায্যে দমন করা যায়। বিভিন্ন প্রকল্প থেকে সরবরাহকৃত নিড়ানি যন্ত্র ব্যবহার নিশ্চিত করতে হবে।

৬। ট্রেতে উৎপাদিত বোরো চারা সঠিক সময়ে রোপন করতে হবে। নাবী বোরো এর জন্য ট্রেতে চারা পুনরায় উৎপাদন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। বোরো ধানের বালাই মুক্ত রাখতে মাঠ মনিটরিং ও গ্রুপ মিটিং অব্যহত রাখতে হবে।

৮। অনুমোদন বিহীন ও ভেজাল কীটনাশক বিক্রয় ও ব্যবহার বন্ধে কঠোর মনিটরিং অব্যহত রাখতে হবে।